# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৫০১ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৬৭]

২। তাহারাহ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৮. ডান হাত দিয়ে ইস্তিঞ্জা করা নিষেধ।

باب النَّهْىِ عَنْ الاِسْتِنْجَاءِ، بِالْيَمِينِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، أَخْبَرَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، عَنْ هَمَّامٍ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةَ، عَنْ أَبِيهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ يُمْسِكَنَّ أَحَدُكُمْ ذَكَرَهُ بِيَمِينِهِ وَهُوَ يَبُولُ وَلاَ يَتَمَسَّحْ مِنَ الْخَلاَءِ بِيَمِينِهِ وَلاَ يَتَنَفَّسْ فِي الإِنَاءِ " .

বাংলা

৫০১-(৬৩/২৬৭) ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) ..... আবূ কাতাদাহ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি তার পিতা হতে তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তোমাদের কেউ যেন প্রস্রাব করার সময় তার পুরুষাঙ্গ ডান হাত দিয়ে না ধরে এবং পায়খানার পর ডান হাত দিয়ে যেন ইস্তিঞ্জা (ঢিলা ব্যবহার) না করে এবং (পানি পান করার সময়) পাত্রের মধ্যে নিঃশ্বাস না ফেলে। (ইসলামিক ফাউন্ডেশনঃ ৫০৪, ইসলামিক সেন্টারঃ ৫২০)

## English

Chapter: The prohibition of cleaning oneself with the right hand

Abu Qatada reported it from his father: The Messenger of Allah (ﷺ) said: None of you should hold penis with his right hand while urinating, or wipe himself with his right hand in privy and should not breathe into the vessel (from which he drinks).

হাদিসের শিক্ষা

হাদীসের শিক্ষা

১. পেশাব করার সময় ডান হাতে গোপনাঙ্গ না ধরার নির্দেশনা। এটি মূলত মাকরূহ।

২. বিনা ওযরে ডান হাতে পায়খানা পরিষ্কার করা নিষেধ।

৩. পানিয়ের মধ্যে নিঃশ্বাস ফেলা নিষেধ। অনুরূপভাবে ফুঁ দেয়াও নিষেধ।

৪. যেকোনো ভদ্র ও উত্তম কাজে ডান হাত, পক্ষান্তরে যেকোনো ময়লা কাজের জন্য বাম হাত ব্যবহার বাঞ্ছনীয়।

৫. ডান হাতের ফযীলত বর্ণিত হলো।

৬. ইসলাম যে পরিপূর্ণ ও তাতে খুঁটিনাটি সবকিছুর নির্দেশনা রয়েছে এটি তার প্রমাণ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=47259

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন